

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৩৯

ا كتاب الجنائز عن رسول الله الله الله الله المام المام المام المام الله المام المام

পরিচ্ছেদঃ নবী (ﷺ) কর্তৃক নাজাশীর জন্য সালাতুল জানাযা আদায় করা।

باب مَا جَاءَ فِي صَلاَةِ النَّبِيِّ صلى الله عليه وسلم عَلَى النَّجَاشِيِّ

আরবী

حَدَّتَنَا أَبُو سَلَمَةَ، يَحْيَى بْنُ خَلَفٍ وَحُمَيْدُ بْنُ مَسْعَدَة قَالاَ حَدَّتَنَا بِشْرُ بْنُ الْمُفَضَّلِ، حَدَّتَنَا بِشْرُ بْنُ الْمُفَضَّلِ، حَدْ يُونُسُ بْنُ عُبَيْدٍ، عَنْ مُحَمَّد بْنِ سِيرِينَ، عَنْ أَبِي الْمُهَلَّبِ، عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ، قَالَ يُونُسُ بْنُ عُبَيْدٍ، عَنْ مُحَمَّد بْنِ سِيرِينَ، عَنْ أَبِي الْمُهَلَّبِ، عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ، قَالَ قَقُومُوا فَصَلُّوا قَالَ لَنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ أَخَاكُمُ النَّجَاشِيَّ قَدْ مَاتَ فَقُومُوا فَصَلُّوا عَلَيْهِ ". قَالَ فَقُمْنَا فَصَنَفَقْنَا كَمَا يُصَفَّ عَلَى الْمَيِّتِ وَصَلَّيْنَا عَلَيْهِ كَمَا يُصِلَّى عَلَى عَلَى الْمَيِّتِ وَصَلَيْنَا عَلَيْهِ كَمَا يُصِلَّى عَلَى الْمَيِّتِ وَصَلَيْنَا عَلَيْهِ كَمَا يُصِلَّى عَلَى الْمَيِّتِ وَصَلَيْنَا عَلَيْهِ كَمَا يُصِلَى عَلَى الْمَيِّتِ وَصَلَيْنَا عَلَيْهِ كَمَا يُصِلَى عَلَى الْمَيِّتِ . وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَجَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ وَأَبِي سَعِيدٍ وَحُدَيْفَةَ بْنِ أَسِيدٍ وَجُريرِ بْنِ عَبْدِ اللَّهِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ . وَجَريرِ بْنِ عَبْدِ اللَّهِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ . وَقَدْ رَوَاهُ أَبُو قِلْابَةَ عَنْ عَمِّهِ أَبِي الْمُهَلَّبِ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ . وَأَبُو الْمُهَلَّبِ اسْمُهُ وَقَدْ رَوَاهُ أَبُو قِلْابَةَ عَنْ عَمْرٍ و وَيُقَالُ مُعَاوِيَةُ بْنُ عَمْرٍ و .

বাংলা

১০৩৯. আবূ সালামা ইবনু ইয়াহইয়া ইবনু খালাফ ও হুমায়দ ইবনু মাসআদা (রহঃ) ...... ইমরান ইবনু হুসায়ন রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে বললেন, তোমাদের ভাই নাজাশী\* মারা গেছেন। তোমরা দাঁড়াও এবং তার জন্য সালাতুল জানাযা আদায় কর। ইমরান ইবনু হুসায়ন বলেন, আমরা দাঁড়িয়ে মৃত ব্যক্তির জানাযার জন্য যেভাবে কাতার করা হয় সেরূপ কাতার বাঁধলাম এবং মৃত ব্যক্তির জন্য যেভাবে সালাত (নামায/নামাজ) আদায় করা হয় সেভাবে তাঁর জন্য সালাত আদায় করলাম। - ইবনু মাজাহ ১৫৩৫, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১০৩৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবৃ হুরায়রা, জাবির ইবনু আবদুল্লাহ, আবৃ সাঈদ, হুযায়ফা ইবনু আসীদ ও জারীর ইবনু আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, হাদীসটি এই সূত্রে হাসান-সাহীহ্- গারীব। আবৃ কিলাবা (রহঃ)ও এটিকে তাঁর চাচা আবৃল মুহাল্লাব-ইমরান ইবনু হুসায়ন রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণনা করেছেন। আবৃল মুহাল্লাব (রহঃ)-এর নাম হলো আবদুর রহমান ইবনু আমর। বলা হয় মুআবিয়া ইবনু আমর।



## **English**

Imran bin Husain narrated that:

the Prophet said: "Indeed your brother An-Najashi has died. So stand to perform Salat for him." He (Imran) said: "We stood and lined up just as the deceased is lined up for, and we prayed for him just as the deceased is prayed for."

## ফুটনোট

\* আবিসিনিয়ার প্রাচীন সম্রাটদের নাম। ইনি ইসলাম গ্রহণ করেছিলেন। তাঁর প্রকৃত নাম ছিল আসহামা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন